

## উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Divisional Family Planning Office)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ:

বাংলাদেশ একটি জনবহুল দেশ। জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখি ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের দিক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করে যাচ্ছে। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ, শ্রীমঞ্জল, মৌলভীবাজার এর CPR ৭৭.২১%, TFR ২.০৫ % মাতৃমৃত্যু ১৬৫ (প্রতি এক লাখ সন্তান জন্ম দিতে গিয়ে ১৬৫ জন মায়ের মৃত্যু হয়), শিশু মৃত্যু ৩১ % এবং জনসংখ্যা বৃদ্ধির হার ১.২২ %। মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ঘন্টা গর্ভবতী সেবার ব্যবস্থা করা হয়েছে। ফলশ্রুতিতে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাস পেয়েছে এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হার উন্নীত হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মৌলভীবাজার জেলার প্রধান চ্যালেঞ্জসমূহ নিম্নরূপ :

০১. ভূ-প্রাকৃতিক অনন্য বৈশিষ্ট্যের কারণে হাওড়, টিলা, চা বাগান বেষ্টিত এলাকায় কাংখিত সেবা প্রদান নিশ্চিত করা।
০২. ভৌত অবকাঠামোর ব্যাপক উন্নয়ন সাধন প্রয়োজন। অন্যথায় প্রত্যাশিত সেবা প্রদান বিঘ্নিত হয়।
০৩. মাঠপর্যায়ে ব্যাপক জনবল সংকটের কারণে বিভাগীয় সকল কার্যক্রমে নেতিবাচক প্রভাব বৃদ্ধি পায়।
০৪. প্রবাসি দম্পতিদের সময়মত অফফেবংং করতে না পারায় জন্মহার বৃদ্ধি পায়।
০৫. CPR কম।
০৬. TFR বেশী।

### ভবিষ্যৎ পরিকল্পনা :

০১. মৌলভীবাজার জেলাকে ব-গওঝা জেলায় উন্নীত করা ;
০২. মাঠ পর্যায়ের শূন্য পদ পূরণে অব্যাহত যোগাযোগ রাখা ;
০৩. মাঠ কর্মীদের অধিকতর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুদক্ষ করে গড়ে তোলা ;
০৪. মনিটরিং, সুপারভিশন জোরদার করা ;
০৫. স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা গ্রহণ করা ;
০৬. CPR বৃদ্ধি করতে হবে।
০৭. ২৪/৭ UH&FWC তে স্বাভাবিক প্রসব সেবা বৃদ্ধির জন্য ভূমিকা পালন করা ;
০৮. ভ্রাম্যমান চলচ্চিত্র ভ্যান এর মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, পুষ্টি ও ভাইরাস প্রতিরোধ বিষয়ক সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম;